

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ২৮, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালনা মন্ত্রণালয়

পরিচালনা বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই মাঘ, ১৩৯৩/২৮শে জানুয়ারী, ১৯৯০

নং এস, আব, ও ৪৯-আইন/৯০—বাংলাদেশ সিভিল সার্ভিস (ইকোনমিক) কম্পো-
জিশন ও কাডা: রুলস, ১৯৮০ এর বিধি ৮ এর উপ-বিধি(২) ও ৪ অনুযায়ী সরকার
শিক্ষানবিসগণের বিভাগীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত নীতিমালা নিম্নরূপে নির্ধারণ
করিলেন:—

- (১) শিক্ষানবিসিকালে সরকার Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 7 অনুসারে পরিচালনা বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন পারিকল্পনা ও উন্নয়ন একাডেমীতে প্রত্যেক শিক্ষানবিসিকে প্রশিক্ষণ দানের ব্যবস্থা করবে।
- (২) সরকার উক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিসিগণ উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।
- (৩) পরিচালনা ও উন্নয়ন একাডেমী প্রশিক্ষণের পাঠ্যক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার প্রয়োজনবোধে উক্ত একাডেমীকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৬২৩)

মূল্য: ৬০ পয়সা

- (৪) প্রত্যেক প্রশিক্ষার্থী সফলতার সহিত তাঁহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা তৎসম্পর্কে উক্ত একাডেমী, প্রশিক্ষণ সমাপ্তির পর, সন্থকারের নিকট একটি প্রতিবেদন পেশ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষার্থীর বাৎসরিক গোপনীয় প্রতিবেদনের নথিতে রক্ষিত থাকিবে।
- (৫) কোন প্রশিক্ষার্থী সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে, উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাঁহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।
- (৬) শিক্ষানবিসিকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসিকে এই প্রজ্ঞাপনের সংগে সংযোজিত তফসিলে বিধৃত পাঠ্যক্রম অনুসারে অন্তর্ভুক্ত বিভাগীয় পরীক্ষার পাশ করিতে হইবে। তবে বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম প্রণয়ন না হওয়ার কারণে যদি কোন কর্মকর্তার বিভাগীয় পরীক্ষা গ্রহণ সম্ভব না হইয়া থাকে, তাহা হইলে সেইক্ষেত্রেও তফসিলে বিধৃত পাঠ্যক্রম অনুসারে বিভাগীয় পরীক্ষার অংশ গ্রহণের জন্য তাঁহাকে সুযোগ প্রদান করিতে হইবে।
- (৭) উল্লেখিত পরীক্ষা পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।
- (৮) প্রতি ইংরাজী পঞ্জিকা বৎসরে দুইবার বিভাগীয় পরীক্ষা অন্তর্ভুক্ত হইবে এবং পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী উক্ত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুগমিক তথ্যাদি সরকারকে অবহিত করিবে এবং সরকার তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।
- (৯) তফসিলে উল্লেখিত প্রতিটি পত্রে কোন শিক্ষানবিসি বিভাগীয় পরীক্ষার শতকরা ৬০ নম্বর পাইলে তাঁহাকে কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।
- (১০) সরকার প্রত্যেক শিক্ষানবিসির পরীক্ষার ফলাফল গেজেটে প্রকাশ করিবে।
- (১১) কোন শিক্ষানবিসি বিভাগীয় পরীক্ষার তফসিলে উল্লেখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন তাঁহার শিক্ষানবিসিকালে সেই পত্র বা পত্রসমূহে পরীক্ষা দেওয়ার জন্য তাঁহাকে এক বা একাধিকবার সুযোগদেওয়া যাইবে।
- (১২) তফসিলে উল্লেখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র সরকারের পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।
- (১৩) দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র মহা-হিসাব নির্বাহক ও নিয়ন্ত্রক অথবা উক্তকর্তৃক মনোনীত উপ-মহা-হিসাব নিয়ন্ত্রকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

২। সরকার প্রয়োজনবোধে সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

চৌধুরী এ. কে. এম. আনিউল হক

সচিব।

পরিকল্পনা বিভাগ।

অফিসল

বি, সি, এম (অর্থনীতি) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম

(১) প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময় : ৩ ঘন্টা

পূর্ণ নম্বর : ১০০ (পাশ নম্বর ৬০)

পাঠ্য বিষয়সমূহ :

- (১) বাংলাদেশের সংবিধান।
- (২) সরকারী কর্মচারী আচরণ বিধি, ১৯৭৯।
- (৩) ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা।
- (৪) উপজেলা অধ্যাদেশ এবং উপজেলা ন্যায়ালয়।
- (৫) গণকর্মচারী শৃংখলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২।
- (৬) সরকারী কর্মচারী (বিশেষ ব্যত্বে) অধ্যাদেশ, ১৯৭৯।
- (৭) সরকারী কার্যবিধিমালা, ১৯৭৫ (হাল-নাগাদ সংশোধনীসহ) এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কার্যবন্টন।
- (৮) বাংলাদেশ সিন্ডিকাল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১।
- (৯) বাংলাদেশ সরকারী কর্মকমিশন রেগুলেশন, ১৯৭৯।
- (১০) অফিসিয়াল সিক্রেটস এক্ট এণ্ড সিকিউরিটি ইনস্ট্রাকশনস।
- (১১) সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬।

(২) দ্বিতীয় পত্রহিসাব (পুস্তকগহ)সময় : ৩ ঘন্টাপূর্ণ নম্বর : ১০০ (পাশ নম্বর ৬০)পাঠ্য বিষয়সমূহ :

- (১) বাংলাদেশ কইনানসিয়াল ক্লব্‌স্‌।
- (২) কাণ্ট্রোলেমেন্টাল ও সাপ্লাইমেন্টারী ক্লব্‌স্‌।
- (৩) ডবিষ্য তহবিল বিধি, ১৯৭৯ এবং কল্যাণ তহবিল ও যৌধনীমা অব্যাদেশ, ১৯৮২ (হাল-নাগাদ সংশোধনীসহ)।
- (৪) সরকারী কর্মচারী অবসর গ্রহণ আইন, ১৯৭৪ ও অবসর গ্রহণ বিধিমালা, ১৯৭৫।
- (৫) অধ্যায় ৩, হিসাব পদ্ধতির সাধারণ ধারণা।
- (৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক আর্থিক ক্ষমতা প্রদান।
- (৭) ছুটি বিধি।
- (৮) বাংলাদেশ সাতিস ক্লব্‌স্‌ (১ম ও ২য় ধণ্ড)।
- (৯) বাংলাদেশ ট্রেডারী ক্লব্‌স্‌ (১ম ও ২য় ডলিউমস)।
- (১০) বাজেট প্রস্তুতকরণ।

(৩) তৃতীয় পত্র

অর্থনীতি বিষয়সমূহ (পুস্তক ব্যতীত)

সময়: ৩ ঘন্টা

পূর্ণ নম্বর: ১০০ (পাশ নম্বর ৬০)

পাঠ্য বিষয় সমূহ:

১। মৌল উন্নয়ন অর্থনীতি (Basic Economic & Development Concepts of graduation standard).

-অর্থনীতির মৌল ধারণাসমূহ: মূলধন, যোগান, ভোগ বিনিময়, সঞ্চয়, আয়, ব্যয় এবং মাইক্রো ইকোনমিক এনালাইসিস, কর্মসংস্থান ইত্যাদি (Capital, Consumption, Saving, Income, Macro & Micro Economic Analysis, Employment etc.).

-চাহিদা ও যোগান তত্ত্ব, বাজার, মূল্য (Law of Demand and Supply, Market and Prices).

-স্থিতিস্থাপকতার ধারণা: চাহিদা ও যোগান (Concept of Elasticity: Demand and Supply Elasticity).

-উৎপাদন ও বন্টন তত্ত্ব: উৎপাদন, উৎপাদনের উৎপাদক, শ্রমের বিভাজন, শিল্পের এলাকাভিত্তিক অবস্থান। এলাকাভিত্তিক অবস্থানের ফলাফল শিল্পের বিকেন্দ্রীকরণ, উন্নয়নের ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের ভূমিকা, বন্টন—মজুরী, রাজস্ব, মুদ্রা, সংক্রান্ত মূল বিষয়াদি (Production and Distribution: Production, Factors of Production, Division of Labour, Localisation of Industries, Consequences of Localisation, Centralisation of industries, role of small and large industries in economic development, Distribution; Basic issues relating to Rent, Wages, Interest and Profit).

-জাতীয় আয়: সংজ্ঞা এবং পরিমাপ (National Income; Definition and Measures).

-আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক মৌল তত্ত্বসমূহ: আন্তর্জাতিক বাণিজ্যের মূল নীতিসমূহ, বৈদেশিক বাণিজ্য ও লেনদেনের ভারসাম্য, বাণিজ্যের রপ্তানী-আমদানীর ভারসাম্য, আমদানী-রপ্তানী প্রতিস্থাপন, কারিগরি সাহায্য ও অর্থনৈতিক সহযোগিতা। (Basic Principles of international trade, Foreign trade and balance of payments, Export-import-terms of trade, Export-import substitution, Technical Assistance and Economic cooperation).

-বৈদেশিক সাহায্য—প্রকল্প, পণ্য ও খাদ্য সংক্রান্ত বিষয়াদি—(Foreign Assistance project, commodity, food).

-আন্তর্জাতিক সংস্থাসমূহ যেমন—আন্টাড, গ্যাট, বিশ্ব ব্যাংক, আই, ডি, এ, আই, এন, এক, এশীয় উন্নয়ন ব্যাংক, আঞ্চলিক সহযোগিতার ধারণা—সার্ক, আসিয়ান ইত্যাদি আন্তর্জাতিক সংস্থা সমূহের উন্নয়ন কার্যক্রম ভূমিকা (International Organisation such as—UNCTAD, GATT, World Bank, IDA, IMF, ADB, concepts of Regional Co-operation—SAARC, ASEAN etc. Role of International Agencies in Development Planning).

-রাজস্ব ও মুদ্রানীতির নৌলিক ধারণা : রাজস্ব আয় ও ব্যয়, রাজস্ব আয়ের বিভিন্ন উৎস, ব্যয়িত বাজেট (Fiscal and Monetary Policy, Revenue Receipts and Expenditures, Sources of Revenue, Deficit budget).

২। উন্নয়ন তত্ত্বসমূহ (Theory of Economic Development).

-পরিকল্পনার মূলনীতিসমূহ, পরিকল্পনার প্রকারভেদ—কেন্দ্রীয় পরিকল্পনার উপর গুরুত্ব আরোপ, উন্নয়ন পরিকল্পনার সমস্যাগুলি (Principles of planning, Types of planning—Emphasis on Central planning, Problems of Economic planning and Development).

-পরিকল্পনার ক্ষেত্রে ম্যাক্রো ও মাইক্রো এ্যাপ্রোচ (Macro and Micro approach towards planning).

-পরিকল্পনা পদ্ধতি, পরিকল্পনা প্রণয়ন, পরিকল্পনা বাস্তবায়ন (Planning process, plan formulation, plan implementation).

-পরিকল্পনা কৌশল (Plan strategy).

-ক্যাপিটাল ইনটেনসিভ বনাম লেবার ইনটেনসিভ অর্থনীতি (Capital intensive Vs. Labour intensive economy).

-বৈদেশিক এবং স্থানীয় সম্পদ আহরণ (Mobilisation of foreign and local resources).

-খাতভিত্তিক এবং আঞ্চলিক পরিকল্পনা (Sectoral and regional Planning).

-বাংলাদেশে পরিকল্পনা পদ্ধতি (Planning Process in Bangladesh).

৩। উন্নয়ন কর্মকাণ্ডের অর্থের আহরণ এবং সম্পদের ব্যবহার (Mobilisation of Funds for and use of resources in Development Activities).

-উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তির পদ্ধতি এবং নিয়মকানুন (Fund release procedures and rules for development projects).

-উন্নয়ন বাজেট প্রণয়ন (Preparation of Development Budget).

-কারিগরি সহায়তা এর উপাদানসমূহ, কারিগরি সহায়তা লাইন আপ করার পদ্ধতি; টিএপিপি, টিএসিসি, এসপিইসি মিটিং; সংক্রান্ত নৌলিক ধারণা (Technical Assistance, its Components; Process for T. A Line up; TAPP, TACC SPEC meeting, etc.),

৪। প্রকল্পে জনসংশ্লিষ্টতা (Project Concepts).

-প্রকল্প প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা এবং প্রকল্প বাস্তবায়ন (Project preparation, Management and implementation).

-প্রকল্প প্রণয়ন: যৌক্তিক কাঠামোর ব্যবহার ও উপযোগিতা (Project preparation; Use and advantages of Logical of framework).

-প্রকল্প চিহ্নিতকরণ, বাছাইকরণ ও প্রকল্প ছক ডিজাইনকরণ (Project Identification, Selection and designing of project proforma).

-প্রকল্পের প্রাক-মূল্যায়ন, উদ্দেশ্য, পরিধি এবং পদ্ধতিসমূহ (Project Appraisal, objective, scope and methods).

-বিসিআর এবং আই,আর, আর এর আলোকে প্রকল্পের কারিগরী, বাণিজ্যিক, অর্থনৈতিক এবং আর্থিক উপযোগিতার প্রাক-মূল্যায়ন (Appraisal of technical, Commercial Economical and Financial Viability Keeping in view the BCR and IRR of projects).

-প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা—সিপিএম এবং পিইআরটি ইত্যাদি (Projects Implementation Planning, CPM & PERT, etc.).

-প্রকল্প প্রক্রিয়াকরণ পদ্ধতি এবং প্রকল্প অনুমোদন লাভের পদ্ধতি (Projects processing procedure and projects Approval procedure).

-প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন (Projects Monitoring and Evaluation).

৫। বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি, বেকারত্ব এবং মানব সম্পদ উন্নয়ন (Population growth, unemployment and human resources development in Bangladesh).

৬। সংখ্যাতত্ত্ব

-সংখ্যাতত্ত্বের মৌলিক ধারণা সমূহ (Basic statistical Concepts).

-নমুনা সংগ্রহের টেকনিকসমূহ (Techniques of sampling).

-গবেষণা পদ্ধতি (Research Methodology).